



## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন Narayanganj City Corporation

নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।  
www.ncc.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১৪.৩১.০০১.২০/৪৯০

তারিখঃ ৩০ জুন ২০২০খ্রিঃ

### দোকান/স্পেস বরাদ্দের দরপত্র/পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি ও ফ্ল্যাট বরাদ্দের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মালিকানাধীন নির্মিত/নির্মাণাধীন নিম্ন বর্ণিত মার্কেটের দোকান/স্পেস (সংরক্ষিত ব্যতীত) সর্বোচ্চ সালামী ও নির্ধারিত ভাড়া বরাদ্দ প্রদানের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে এবং নির্মাণাধীন ৫টি ভবনের বিভিন্ন আয়তনের ফ্ল্যাট নির্ধারিত মূল্যে “আগে আসলে আগে পাবেন” ভিত্তিতে বরাদ্দ প্রদানের লক্ষ্যে সিটি কর্পোরেশনের নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

১।	দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান	১। হিসাব বিভাগ, নগর ভবন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নারায়ণগঞ্জ। ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ। ৩। কদম রসুল ও সিদ্ধিরগঞ্জ আঞ্চলিক কার্যালয়, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২।	দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	১৫/০৭/২০২০খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
৩।	দরপত্র বাস্তব দরপত্র গ্রহণের তারিখ ও সময়	১৬/০৭/২০২০খ্রিঃ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত নগর ভবনস্থ প্রকৌশল বিভাগ এবং উপ-পরিচালক স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয় নারায়ণগঞ্জ।
৪।	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	১৬/০৭/২০২০খ্রিঃ বিকাল ৩.০০ টা প্রকৌশল বিভাগ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

### দোকান/স্পেসের বিবরণ

ক্র:নং	মার্কেটের নাম	অবস্থান	দোকান/স্পেস সংখ্যা	সিডিউল মূল্য	জামানত (সমন্বয়যোগ্য) (দাখিলকৃত দরের)
১	দোলনচাপা সিটি প্লাজা-১	ধনকুন্ডা	২টি দোকান (নীচতলা)	১,০০০/-	২০%
২	পদ্ম সিটি প্লাজা-২	এস এম মালেক রোড	৩টি দোকান (নীচতলা)	১,৫০০/-	২০%
৩	আর কে মিত্র রোডস্থ সিটি ভবন	আর কে মিত্র রোড	১ টি দোকান (নীচতলা)	১,৫০০/-	৫০%
৪	শিমুল সিটি প্লাজা-২	পাইকপাড়া মোড়	২টি দোকান (নীচতলা)	১,০০০/-	৫০%
৫	করবী সিটি প্লাজা-২, ৩, ৪ করবী সিটি প্লাজা-২, ৩, ৪, ৫	বরফকল মাঠ সংলগ্ন	১২টি দোকান (নীচতলা) ৫টি স্পেস (২য় তলা)	১,০০০/- ৫,০০০/-	২০%
৬	আকিজ সিমেন্ট ফ্যাক্টরী দক্ষিণ পাশে সিটি মার্কেট	২৩ নং ওয়ার্ড, বন্দর	১০টি দোকান (নীচতলা)	১,০০০/-	৫০%
৭	সিরাজউদ্দৌলা ক্লাব কাম মার্কেট	২২ নং ওয়ার্ড, বন্দর	৭টি দোকান (নীচতলা)	১,০০০/-	৫০%

### ফ্ল্যাটের বিবরণঃ

ভবনের নাম	অবস্থান	ফ্ল্যাট সংখ্যা	ফ্ল্যাটের পরিমাপ (বর্গফুট)	প্রতি বর্গফুটের মূল্য	বরাদ্দকৃত তলা	বুকিং মানি (ফ্ল্যাট মূল্যের)
দোলনচাপা সিটি প্লাজা-১	সিদ্ধিরগঞ্জ (ধনকুন্ডা)	১৪ টি	১১৫০, ১১৭০, ১১০০ ১০৭০, ১৪০০	৩৫০০/-	৪র্থ-৫ম	১০%
করবী সিটি প্লাজা-২, ৩ ও ৪	খানপুর বরফকল মাঠ সংলগ্ন	৪৮টি	৯২৯, ৯১৪	৩৫০০/-	৩য়-৬ষ্ঠ	১০%
করবী সিটি প্লাজা- ০৫		১২টি	৯১২, ৮৬১	৩৫০০/-	৩য়-৫ম	১০%

- এই দরপত্র বিজ্ঞপ্তি সংক্ষিপ্ত। দোকান/ স্পেসের বিস্তারিত শর্ত সম্বলিত দরপত্র সিটি কর্পোরেশনের নগর ভবন, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল আঞ্চলিক কার্যালয় সমূহ এবং জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর স্থানীয় সরকার শাখা হতে দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে। দোকান/স্পেস সম্পর্কে অন্যান্য তথ্য/শর্ত সিটি কর্পোরেশনের বাজার শাখা থেকে জানা যাবে।
- দোকান/স্পেস বরাদ্দ সংক্রান্ত সকল বিষয় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন মার্কেট উপ-আইন, ২০১৬ এর বিধিমাতে পরিচালিত হবে।
- ফ্ল্যাট বরাদ্দের বিস্তারিত তথ্য সম্বলিত আবেদন ফরম অত্রাফিসের হিসাব শাখা হতে ১০০০/- টাকা মূল্যে ক্রয় করা যাবে এবং অন্যান্য তথ্য বাজার শাখা থেকে জানা যাবে।
- কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন অথবা সকল দরপত্র/আবেদনপত্র বাতিল কিংবা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে।

(মোঃ আবুল আমিন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন  
ফোন: ০২-৭৬৩৩৪২৩  
ইমেইল: ceo@ncc.gov.bd

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০১৪.৩১.০০১.২০/

তারিখঃ /০৬/২০২০ খ্রিঃ

### অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো।

- সম্পাদক, দৈনিক সংবাদ/খবরের পাতা (তাকে উপর্যুক্ত বিজ্ঞপ্তি ৪ কলামে ৬ ইঞ্চি পরিসরে ১ (এক) দিন ছাপানোর জন্য অনুরোধ করা হলো)।
- তথ্য প্রযুক্তি কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন তাকে বিজ্ঞপ্তি অনলাইনে ও ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- পি,এ, টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ আবুল আমিন)  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।  
ফোন-৭৬৩৩৪২৩  
email: ceo@ncc.gov.bd